SOUTH KENSINGTON MUSEUM.
EDUCATIONAL LIBRARY.
FROM THE
COLLECTION OF INDIAN
PUBLICATIONS
SENT TO
THE PARIS EXHIBITION OF 1867.
GIVEN BY
THE COMMISSIONERS FOR INDIA.

GHARĪB ALLĀH.

[Iblīs-nāmār puthi.
A dialogue between Muḥammad
and Satan, in Musulman-Bengali
verse.]

45102

SCHOOL OF ORIENTAL & AFRICAN STUDIES LONDON

শ্রীশ্রীহকনাম।

ইবলিছনামার পুথি।

পহেলাতে বেছমেল্লা, শুরু করি নামে আল্লা, 'সে নামে হেপ্ত শুন২ ভাই। আলেম ফাজেল তারে, ফারসিতে তরজমা করে, মুর্খ লোকে তাহা বোঝে নাই* শুন ভাই বেরাদরি, একারনে বাঙ্গালা করি, লেখি আমি বুঝিবার তরে। আরবি ফারছির তরে, কেহ না বুঝিতে পারে সোকর ছেফত বলে কারে * আল্লার ছেফত জত, থোড়া এয়ছা হকি কত, কেতাব মত করিজে বয়ান। মূরসিদের হুকুম মতে, অবুঝাকে বুঝাইতে, পুথি করি বাঙ্গালা জোবান * ছেপ্ত হামদ দুনিয়াতে, সকলি আল্লার আস্তে, ছাবেদ আছে কোরান মাঝার। ছুরেরহমের বিচে তামাম বয়ান আছে, শুন থোড়া বয়ান তাহার * কোদরতের সীমা নাই, অঙ্গল দরিয়া ভাই, নিচে উপর মাটি নাই চিন। জেন্দেগিরতর দিলে, কেনারা নাহিক মেলে, আখেরে ডুড়িয়া তর্ন্নাক্ষন * খোরাক ফুরাইয়া জায়, জাহাজ পুরানা হয়, আখেরে সে আগম দরিয়ায়। কেনারা নাহিক মেলে' জেন্দেগির খেয়াদিলে, ভেসে ভেসে আপনি ফুরায় * জেতার কেনার খোজে, সেইরুপ সেহো মজে, কিছু ভেদ না পারি জানিতে। আগে মূচ্ছা পয়গম্বরে, দুনিয়া দরিয়াপরে, তার হদ না পারি করিতে * এই জে দরিয়া বিচে, কতোরঙ্গ পানি আছে কে করিবে কোদরত খেয়াল। এক রঙ্গ পানি আছে, অদ্ধেক তাহার বিচে, আর দিগে বিপরিত লাল * আল্লার কোদরত এতো, এক পানি দুই মত, কিছু মিঠা কিছু কটুনুন। বাজে দরিয়া জে আছে, ধুই ওড়ে পানি বিচেঃ গরম পানি জেমন আগুন * ফের বাজে দরিয়াতে, লহু মত পানি তাতে, লেছাতাজা লহুর বরন। বাজে পানি দরিয়ায়, সোনার ছুরত তায়, দেখ সবে, কোদরত নিরঞ্জন * আল্লা তালার হুকুমেতে, খালি এক দরিয়াতে, কতো পানি বিচে রহে তার। আছে এক লহরেতে, কেহ আইসে কার সাতে, মিলিবারে তাকোত আছে কার * পাচ হাজার বতসর পথে, দরিয়া জদি হয় তাতে, তাতে

এতে আছে মিল। সেপানি এ পানি সারা, একুই দরিয়া ভরা, নহি মেলে এবড় মুস্কিল * বান্দা জদি এয়ছা কেহ, কামাল বোজরোগ সেহ পানি হৈতে এক মতি। তোমরা জদি নাহি পার, হাওার জাহের কর, ডাকিয়া তারে কহ শিঘ্র গতি * পিরওলি না পারিবে, আল্লা তালা জে করিবে, তার বেসি না পারিবে আর। খেয়াল করিয়া দেখ আল্লাকে দেলেতে রাখ সোহিনাম শবাকার সার * এহি জে দুনিয়া পরে, বান্দা সবে পয়দা করে, জেয়াদা তারে করেছে আকার। আদম ছুরত জত, কেহ নহে এক মত, নাহি মেলে ছুরত সবার * জদি বা ছুরত মেলে, আকারে তফাত চলে, তবে সে আদম চেনা জায়। এক গলা দুইজনে, না সৃজিল কোন জনে, দেখ তার কোদরত সবায় হাতি ঘোড়া উট ঘুড়ি, গরু গাই মেড়ামেড়ি জত বান্দা দেখিবে নজরে। পশু পক্ষি কেবা সনে, ফল ফুল বৃক্ষগনে, এক মত না পাইবে করে * আল্লার কোদরত সার, কে বুঝে মতলব তার, সে হাকিম আজব কারখানা। থাকে বান্দা পয়দাকরে, রাখিয়াছে খাক পরে সেহি খাক পানিতে গলেনা * মেখাকেতে। ছারে, বান্দ দুনিয়াতে পওদাকরে, সে মাটিতে পানি ফেলে ভাই। আর মাটি পানি পেলে তখনি সে যায় গলে, সেমাটিতে চিহ্ন থাকে নাই * সে অজুদ মাটি হৈতে, পয়দা করে দুনিয়াতে, জথা তায় করেন তাকিম। হাজার পানিতে ধুনে, এ অজুদ নাহি গলে, সেই আল্লা এয়াছাই হাকিম * এই রূপে দুনিয়াতে, পয়দাকরে হুকুমেতে, তার পরে তামাম এনছান। জমিকে করোস করে, দিয়াছে এনছান তারে, সামিয়ানার উপরে আছমান * এয়ছা সামিয়ানা করে, দিছে আল্লা আছমানেরে, দেখ বান্দা করিয়া বিচার। কত কাল হৈয়া গেছে, জেয়ছা কাল তেয়ছা আছে, জখন নোকসান নাহি তার * দেখনা দুনিয়া পর, বেগর খুটিতে ঘর, পরে সেই কায়েম রাখিতে। আল্লা তালা আছমানেরে, বেছ তন্ন শুন্য ভরে, চাঁদ আর শুর্য্য আছে তাতে * একরোজ ফরকালে, শুর্য না উদয় হৈলে, সেই দিন রহে অন্ধকার। চাদ শুর্য্য আছমান পরে রাত দিন গরদেশ করে, তিলেক ফুরছত নাহি তার * আল্লার কোদরত জত, নাহি তার হকিকত, বান্দা সবের সেই মেহেরবান। কি কহিবে মেরামত, জত কিছু নেয়ামত, বান্ধাকে দিয়াছে ছোবহান * সেই চিজ বান্দা সবে, খাইয়া তামাম পরে, তাহার সেকার করা ভার।

আল্লা তালা পরওার, ছেও করিবার তার, এয়ছাই জোগ্যতা আছে কার ❋ শুনবান্দা দুনিয়াতে, এসেছি নবির বাতে, মছল নাহিক চলে কার ❋ কৈলে তার তাবেদারি, বুঝে দিবে মজত্তুরি, পুজি তবে হবে সবাকার ❋ এয়ছাই মরিব সেহ, রসিক নাহিক কেহ, একা সেই আছে বিয়ু হালে। তার সাতে ত্তুনিয়ায়, সরিক হৈল বাড়ে দায়, আপোদ হয়ে হেছাবের কালে ❋ জেছাই বাদসাই করে, বাদসাই তক্তোপরে, সহি তক্তে গোলাম বসিলে। সাহাজাদা গোস্বা হয়, তখনি হুকুম দেয়, তাকে লিয়া দেয় তবে শুলে ❋ জেই বান্দা ত্তুনিয়াতে, কোন কাম কোন বাতে, আল্লাসীতে সরিক জানিবে। একাম করিবে জারা কাফের হইবে তারা, বেহেছাবে দোজখেতে জাবে ❋ পির ওলি পয় গম্বরে, আছেন দুনিয়া পরে, সবাকারে পয়দা করে সাঞি। সেই আল্লা সকলের, হেথা সেথা আখেরের, সেহি পরে আর কেহ নাই ❋ জত ওলি পয়গম্বরে, আছেন ত্তুনিয়া পরে, আল্লার সরিক হৈতে নারে। জেন্দেগিতে দুনিয়া পরে, মেহনত করিতে ছারে, একা আ নিয়া বানাইতে নারে ❋ মাক্ষি চেওটি দুনিয়াতে, নাই পরে বানা- ইতে, ত্তুনিয়ার জত্তেক রোজরোজ। এসব রোজরোজ কাছে, মজুত মাসে ত্তুনিয়া বিচে, জত বান্দা সব আহামদ❋জত্তেক আহামদ কানা চক্ষু রৈতে সে দেখেনা, হোস রৈলে করিত বিচার। হাজত নিয়ত করে, জেন্দি বান্দা মোর দারের, খাইতে দেয়ত্তুনিয়া উপর❋সে পিরে র হবিয়ত সবে, মাক্ষি চেওটি লিয়া তবে, কেহু খায় কেহ লিয়াজায় এয়ছা ওলি পিরছারে, আদানা চেওটি মাক্ষি তারে, সাদ্ধি নাই তাহারে তাড়ায় ❋ পিরকে হাজত দেয়, মাক্ষি চেওটী লিয়া খায়, তাকে তাড়ায় সাদ্ধি এয়ছা নাই। লাড়কা বাহায় ত্তুক্ষুবারে, মুস্কিল আছান করে, কিতাক ছাপিয়ে রাখে ভাই ❋ বান্দার চিজের পরে মাক্ষি চেওটী আসিলে পরে, তখনি তাড়ায়ে দেয় তারে। এয়ছা পির মরেগেছে, নাতাকত দুনিয়া বিচে, এক মাক্ষি তাড়াইতে নারে মাক্ষি চেওটী তাড়াবার, তাকত নাহিক কার, কিসাদ্ধি তার হাজত লিবার। ভাত গোস্ত বান্দা দিলে, খেয়েমর্দ্দ খুসিহালে, আছান করে বান্দা সবাকার ❋ আখেরে ফজর হৈতে, উঠিবে হেছাব দিতে, তাই তাদের নাহিক খবর। বান্দা সে মরদার কাছে, মদত মাঙ্গে দুনিয়া বিচে, সে সকল আহামক বরাবর ❋ হায়২ বান্দা ছারে, খারাব দু

এতে আছে মিল। সেপানি এ পানি সারা, একুই দরিয়া ভরা, নহি মেলে এবড় মূস্কিল * বান্দা জদি এয়ছা কেহ, কামাল বোজরোগ সেহ পানি হৈতে এক মতি। তোমরা জদি নাহি পার, হাওার জাহের কর, ডাকিয়া তারে কহ শিঘ্র গতি * পিরওলি না পারিবে, আল্লা তালা জে করিবে, .তার বেসি না পারিবে আর। খেয়াল করিয়া দেখ আল্লাকে দেলেতে রাখ: সোঁহনাম শবাকার সার * এহি জে দুনিয়া পরে, বান্দা সবে পয়দা করে, জেয়াদা তারে করেছে আকার। আদম ছুরত জত, কেহ নহে এক মত, নাহি মেলে ছুরত সবার * জদি বা ছুরত মেলে, আকারে তফাত চলে, তবে সে আদম চেনা জায়। এক গলা দুইজনে, না সৃজিল কোন জনে, দেখ তার কোদরত সবায় হাতি ঘোড়া উট ঘুড়ি, গরু গাই মেড়ামেড়ি জত বান্দা দেখিবে নজরে। পশু পক্ষি কেবা সনে, ফল ফুল বৃক্ষগনে, এক মত না পাইবে করে * আল্লার কোদরত সার, কে বুঝে মতলব তার, সে হাকিম আজব কারখানা। থাকে বান্দা পয়দাকরে, রাখিয়াছে খাক পরে সেহি খাক পানিতে গলেনা * মেখাকেতে। ছারে, বান্দ দুনিয়াতে পওদাকরে, সে মাটিতে পানি ফেলে ভাই। আর মাটি পানি পেলে তখনি সে যায় গলে, সেমাটিতে চিহ্ন থাকে নাই * সে অজুদ মাটি হৈতে, পয়দা করে দুনিয়াতে, জথা তায় করেন তাকিম। হাজার পানিতে ধুনে, এ অজুদ নাহি গলে, সেই আল্লা এয়াছাই হাকিম * এই রূপে দুনিয়াতে, পয়দাকরে হুকুমেতে, তার পরে তামাম এনছান। জমিকে করোস করে, দিয়াছে এনছান তারে, সামিয়ানার উপরে আছমান * এয়ছা সামিয়ানা করে, দিছে আল্লা আছমানেরে, দেখ বান্দা করিয়া বিচার। কত কাল হৈয়া গেছে, জেয়ছা কাল তেয়ছা আছে, জখন নোকসান নাহি তার * দেখনা দুনিয়া পর, বেগর খুটিতে ঘর, পরে সেই কায়েম রাখিতে। আল্লা তালা আছমানেরে, বেছ তন্তু শুন্য ভরে, চাঁদ আর শুর্য্য আছে তাতে * একরোজ ফরকালে, শুর্য না উদয় হৈলে, সেই দিন রহে অন্ধকার। চাদ শুর্য্য আছমান পরে রাত দিন গরদেশ করে, তিলেক ফুরছত নাহি তার * আল্লার কোদরত জত, নাহি তার হকিকত, বান্দা সবের সেই মেহেরবান। কি কহিবে মেরামত, জত কিছু নেয়ামত, বান্ধাকে দিয়াছে ছোবহান * সেই চিজ বান্দা সবে, খাইয়া তামাম পরে, তাহার সেকার করা ভার ।

আল্লা তালা পরওয়ার, ছেও করিবার তার, এয়ছাই জোগ্যতা আছে কার * শুনবান্দা দুনিয়াতে, এসেছি নবির বাতে, মছল নাহিক চলে কার * কৈলে তার তাবেদারি, বুঝে দিবে মজদুরি, পুজি তবে হবে সবাকার * এয়ছাই মরিব সেহ, রসিক নাহিক কেহ, একা সেই আছে বিয়ু হালে। তার সাতে দুনিয়ায়, সরিক হৈল বাড়ে দায়, আপোদ হয়ে হেছাবের কালে * জেছাই বাদসাই করে, বাদসাই তক্তোপরে, সহি তক্তে গোলাম বসিলে। সাহাজাদা গোস্বা হয়, তখনি হুকুম দেয়, তাকে লিয়া দেয় তবে শুলে * জেই বান্দা দুনিয়তে, কোন কাম কোন বাতে, আল্লাসীতে সরিক জানিবে। একাম করিবে জারা কাফের হইবে তারা, বেহেছাবে দোজখেতে জাবে * পির ওলি পয়গম্বরে, আছেন দুনিয়া পরে, সবাকারে পয়দা করে সাঞি। সেই আল্লা সকলের, হেথা সেথা আখেরের, সেহি পরে আর কেহ নাই * জত ওলি পয়গম্বরে, আছেন দুনিয়া পরে, আল্লার সরিক হৈতে নারে। জেন্দেগিতে দুনিয়া পরে, মেহনত করিতে ছারে, একা আ নিয়া বানাইতে নারে * মাক্ষি চেওটি দুনিয়াতে, নাই পরে বানা- ইতে, দুনিয়ার জতেক বোজরোজ। এসব বোজরোজ কাছে, মজুত মাসে দুনিয়া বিচে, জত বান্দা সব আহামদ*জতেক আহামদ কানা চক্ষু রৈতে সে দেখেনা, হোস রৈলে করিত বিচার। হাজত নিয়ত করে, জেন্দি বান্দা মোর দারের, খাইতে দেয়দুনিয়া উপর*সে পিরে র হবিয়ত সবে, মাক্ষি চেওটি লিয়া তবে, কেহু খায় কেহু লিয়াজায় এয়ছা ওলি পিরছারে, আদানা চেওটি মাক্ষি তারে, সাদ্ধি নাই তাহারে তাড়ায় * পিরকে হাজত দেয়, মাক্ষি চেওটী লিয়া খায়, তাকে তাড়ায় সাদ্ধি এয়ছা নাই। লাড়কা বাহায় তুক্ষুবারে, মুস্কিল আছান করে, কিতাক ছাপিয়ে রাখে ভাই * বান্দার চিজের পরে মাক্ষি চেওটী আসিলে পরে, তখনি তাড়ায়ে দেয় তারে। এয়ছা পির মরেগেছে, নাতাকত দুনিয়া বিচে, এক মাক্ষি তাড়াইতে নারে মাক্ষি চেওটী তাড়াবার, তাকত নাহিক কার, কিসাদ্ধি তার হাজত লিবার। ভাত গোস্ত বান্দা দিলে, খেয়েমদ্ধে খুসিহালে, আছান করে বান্দা সবাকার * আখেরে ফজর হৈতে, উঠিবে হেছাব দিতে, তাই তাদের নাহিক খবর। বান্দা সে মরদার কাছে, মদত মাঙ্গে দুনিয়া বিচে, সে সকল আহামক বরাবর * হায়২ বান্দা ছারে, খারাব দ্ব

নিয়া পরে, আপন আক্কেলে সব্বজনা। আল্লা সে হকিম ভাই, জে তরফ নজরে চাই, সেই দিগের কত কারখানা*দশহাজার বচ্ছর জদি হাত্তে কলম নিরবধি, লাএক লোক লিয়া রবে ভাই। নাপায় সোনার তার, করিম নামে ছেপ্ত জার, বয়ান করিতে পারে নাই * এক নামের হদ্দ তার, বান্দা সব দুনিয়ার, জমা হৈয়া কহিতে নাপারে। আরকন নাম আছে, খুজিলে কোরান বিচে, পাওয়া জায় হাজারে হাজারে তার ভেদ সেহি জানে, তাহাকে খেয়াল আনে, আপোনাকে ভাবহ অপার। তাকে পাবে পরিনামে, তাহার হুকুম কামে, আসোক হৈয়া রহো সবে তার। আল্লার হুকুম মানা, নবিকে বরহোক জানা, আর জত নবির এয়ার * দরুদ ছালাম সবে, তার পরে কিছু তবে কহি কিছু ভাবিয়া খোদায়। গরিব ওম্মত বিচে, দুসমন সদয়ত আছে, নেক কামে সদা দাগাদেয় * সয়তান দুনিয়ার পরে,নাহক্কের বাদসাই করে, বদি কাম বান্দাকে করায়। বেহায়া দরিয়া ভাই কুল কিনারা কিছু নাই, আছে তক্তে সদত তথায় * আছরের ওক্তে আইসে, রোজ২ তক্তে বৈসে, করে পাপি পাপের বিচার। জে না চুরি বাটপাড়ি, কেহু করি ধন কড়ি, কড়ি বিনে করজে সবার * সেই সব হকিকত, আর জত নছিহত, নবিজীর সবাকে শুনাই। সেই নবির পাওতলে, নাপাক গরিব বলে, ভালা বুরা কিছু শুন নাই *

ইবলিছকে হজরত জিজ্ঞাসা করে *

পয়ার * জে কামেতে নেকি হও জে কামেতে গোনা। সে সকল ভেদ আছে সয়তানের জানা*সেসকল হকিকত সয়নানের জোবানে কহিব জে এইমত নবির ছামনে * সয়তান ইসারায় ডাকে উচৈস্বরে হুকুম চাহি নবিজী হুজুরে আসিবারে * হজরত সে ডাক শুনে ইঙ্গিতে হাসিল। আছহার লোকের কাছে কহিতে লাগিল * জানহ তোমরা সবে এ ডাক কাহার। হুকুম আমার চাহে হুজুরে আসিবার একথা শুনিয়া সবে কহিল তখন। আল্লা তাল্লা জানে আর জানে কোনজন * হজরত কহেন এই ইবলিছ বর্ব্বর। ডাকিয়া আসিতে চাহে আমা বরাবর * ওম্মর খেতাব জদি একথা শুনিল। ইবলিছের নাম শুনি গোস্বায় জলিল * সমসের লইয়া হাতে কহে রছুলেরে। হুকুম দেও পয়গম্বর কাটীতে উহারে * হজরত কহেন এই ইবলিছ বর্ব্বর। নামারিবে এরে জান দুনিয়া ভিতর * জত দিন কেয়ামত না।

হিক হইবে। ততদিন দুরাচার বাচিয়া রহিবে ❋ এখানে সে জদি মারাজায় দুরাচার। দোজখ তরিতে তবে নাহি কেহু আর ❋ এখন তাহারে তূমি নাপার মারিতে। আল্লার হুকুম রদ কে পারে করিতে ❋ হেনকালে পাপমতি ইবলিছ আইল। হজরতের আগে আসি ছালাম করিল ❋ ছালামের জওাব নবি তাহে নাহি দিল। হাসিয়া হজরত আপে খামস রহিল ❋ ইবলিছ কহেন শুন দিন পয়গম্বর। ছালাম করিলাম আমি নাদিলে উত্তর ❋ সকল কেতাব আছে বয়ান এহার। ছালাম করিলে জওাব দিতে হয় তার ❋ ছালাম করিলে জদি না দেয় উত্তর। এহি ভার থাকে তার কান্দের উপর ❋ আপনি আল্লার খাস সব বাত জান। নছিহত কর সবে আপে নাহি মান ❋ ইবলিছের নাম শুনি তবে পয়গম্বর। বুঝিয়া নেহাত তারে দিলেন উত্তর ❋ এহি জে কহিলে তুমি ছাণ্ডালেরকথা। কেতাবেতে আছে সত্য এমন বারতা ❋ দুসমন আল্লার তূমি চোর বরাবর। তোমাকে না দিতে পারি ছালামের উত্তর ❋ জেমত ওস্তাত মেরা থবে তেরা রিত। তাহাকে ছালাম দেওা নাহয়উচিত ❋ আল্লার নাফরমানি জারা করে দুনিয়ায়। তাহার ছালাম দেওা দেওা বড় দায় ❋ ছালাম লইলে দেলে বাড়ে মহব্বত। কাবুতে পাইলে তারে দিবে হরকত ❋ একারনে তুমি আর তেরা দোস্ত সাতে। মহব্বত করিলে পাছেপড়িবে আফতে ছালামের জওাব আমি নাদিব তোমারে। কহ কেন আসিয়াছ আমার হুজুরে ❋ তাহা শুনি ইবলিছ আইল নিকটেতে। বহুত কাতোর হয়ে লাগিল কহিতে ❋ ইবলিছের এক আঁখি লহুর বরন। আর তার কালারঙ্গ কুচ্ছিত বদন ❋ বহুত দারাজ বল মাথার উপর। শরীরে পসম নাহি লহু বরাবর ❋ এইরূপে হজরতের নিকটে আসিয়া। কহিতে লাগিল বাত হুজুরে বসিয়া ❋ পয়গম্বর বলে তূমি কহো কি খাতেরে। কেনবা আইলে হেথা আমার হুজুরে ❋ ইবলিছ কহেন আমি অধম সংসারে। সত্য বিনে মিথ্যাকথা নাকবো হুজুরে ❋ আপনি আল্লার দোস্ত আমি পাপকারি। আসিয়াছ আল্লা তালার হুকুমের পরি ❋ ভেজিয়াছে নিরঞ্জন তোমারে হুজুরে। জে কিছু জিজ্ঞাসা কর কহি জে তোমারে ❋ আমিহ আপনি মিথ্যা মিথ্যা বাদসাই। সত্য কথা আমার মূখেতে পাবে নাই ❋ আসিয়াছি হুজুরেতে মিথ্যা না বলিব। আমি মিথ্যা হৈলে আমি ভস্ম হৈয়া জাব ❋ ইব

লিছের বাত শুনে আপে পয়গম্বরে। হুকুম দিলেন তারে বসিবার তরে * হজরতের হুকুম জদি পাইল দুরাচার। সখেতে বসিলো গিয়া হইয়া হুসিয়ার * পূছিলেন পয়গম্বর ইবলিছের ঠাই। দুনিয়াতে মাঙ্গ তুমি কাহার ভালাই * কে তোমার দুনিয়াতে আছে দোস্তদার। কোন জনে মানিতেছে হুকুম তোমার * ইবলিছ বলেন জারা তাড়ি সরাব খায়। সেই সব লোক মেরা দোস্ত দুনিয়ায় * নেসা খায় দুনিয়ার মেরা দোস্ত সবায়। পথে ঘাটে থাকে পড়ে জেথায় সেথায় * লণ্ড ভণ্ড এয়ছা হয় মরণ আকার। চারিদিগে লোগ তামাসা দেখে তার * তাড়ি সরাব খায় জে সে মোর দোস্তদার। লোকেতে তারিফ করে রূপ দেখে তার * হালাল চিজ খায় জত ওম্মত তোমার। তারা বড় দুনিয়াতে দুসমন আমার * হালাল চিজ তোমার ওম্মতে জত খায়। এক পিয়ালা সরবত পিলে সুখ মিটে জায় এক পিয়ালা দুই পিয়ালা হইলে সরবত। এহার বেসি খাইতে নারে তোমার ওম্মত * হারাম তাড়ি সরাব খায় মেরা দোস্তদার। রাত্র দিন খাইলে সুখ না মেটে তাহার * তাড়ি সরাব খেলে কেতাবেতে বলে। বেছমেল্লা বলিয়া তাকে মুখে দেয় তুলে * তখনি কাফের হয় খারেজ বান্দার। আমি তবে খুসিতে মজলিসে জাই তার * পেয়ালাবাজি করে তার আমি নেগাবান। জত খায় সুখ পায় না মেটে আরমান * আখেরে মজলিস ভাঙ্গে হারাম ফুরায়। তার পরে জে জাহার ঘরে চলে জায় * চলিতে পড়িতে জায় কেহু গায় গীত। এ সকলে দোস্ত মেরা বড়ই সুরিত * কেহ দাঙ্গা করে কেহ বেগানার ঘরে। জাইয়া হোরমত লোটে জবরদস্তি করে * এসকল দোস্ত মেরা বড়ই চালাক। এক ঘড়ি আছান নাই হামেসা বিপাক * আমার দোস্তদার সবে এয়ছাই নওবত। এয়ছা কি করিতে পারে তোমার ওম্মত * তোমার ওম্মতে খালি রোজা নামাজ করে। জেন্দাতে মোরদার থাকে আল্লার জে করে * এসকল লোক মেরা হইল দুসমন। মোর হক্কে এয়ছা কাম বড়ই জবন * দুজনার বিচে জার ঝগড়া লাগায়। সে বান্দা বড়ই দোস্ত মেরা দুনিয়ায় * জে কেহু পরের ধোন লয় জোর করি। সে সকল লোক মেরা পরান দোসরি * তাহার উপরে আমি বড় মেহেরবান। হামেসা পরের ধনে রাখি তার মান * পুছিলেন পয়গম্বর ইবলিছে ফিরিয়া। বড় খুসি হও তুমি তাহারে

দেখিয়া * জে সকলে আপন জব্ব দেখিতে নাপারে। মন্দ ছন্দ বলে আর মারপিট করে * গোশ্বা হলে আরবার আনে তারে ঘরে * সে নারীর সাতে জদি ছহবত করায়। সেইদিন জদিসে হামেল তারয় সেইগর্ব্বে লাড়কা হৈলে হয়তো হারামি। সে লাড়কা হারাম জাদ করেতো বদনামি * সেনারী পুরুষতারা বড় দোস্ত মেরা। আখির পুথলি সম নাহি হয় হারা * ফের পুছিলেন তারে আপে পয়গম্বর কহ দেখি আজাজিল নেহাত্ত খবর * বল দেখি সত্য করি আল্লা কে পুজিবে। কোথায় কছজেদ তেরা নামাজ পড়িবে * সেই মছজেদের বিছে নামাজ কিমত। তার বিচে কোনজনা করে আকমত *ইবলিছ কহেন জত সহর বাজার। জতেক দোকান সব মছজেদ আমার ওজনেতে কম দেয় দাম বেসিলয়। অল্প কর্ম্ম মিথ্যা কথা নামাজ নিশ্চয় * শে সকল হুড়াহুড়ি করে ধরাধরি। লণ্ডভণ্ড হৈয়া তারা করে মারামারি * এই মত ধর্ম্ম কর্ম্ম সকলি আমার। এসকল দোস্ত মোর কহি বারেবার* কাম নাই জেহি জোন পথে২ ফেরে। বড় ভালবাসি আমি তাহার খাতেরে * আমার নামাজে এরা আকামত করে। বহুত পিয়ার মেরা এহাদের পরে * ফেয় পয়গম্বর তাকে পোছেন তখন। তোমার সঙ্গেতে রোজ থাকে কোন জন * কোন বান্দা তেরা কাম রোজ রোজ করে। কোনজনা বলবান তোমার উপরে* ইবলিছ বলেন নবি সোন ফরমানি। এস্তেঞ্জা করিয়া জেবা নাহি লয় পানি খানা খাইয়া সেই রাখে লাল নাহি করে। ছহবত করিরা গোসল না করে ফজরে * সে সকল লোক মেরা হুকুম বরদার। তাহার উপরে মেরা হাজার পিয়ার * আরবার পয়ম্বর পোছে সমাচার। কহো দেখিয়া কোন চিজ আহার তোমার * কোন চিজ খাইলে উদর ভরে তোর। এসকল বাত মোরে কহত খবর * ইবলিছ বলেন সোন আমার খাওন। মিথ্যা কথা নষ্ট কথা কটুত্ব বচন* মিথ্যাকথা জদি কেহ না কহে কচিত। ক্ষুধায় পিয়াচে হয় উদরতাপিত * পুছিলেন পয়গম্বর তাকে আরবার। কহ দেখি জায়গা কোথা রহিতে তোমার * সরাবের ভাটি জেথা বনে সেই ঘরে। সেইখানে থাকি আমি খোসাল খাতেরে * সরাব তাড়ির জেবা আছয়ে দোকান। রাত্র দিন খোসালেতে আমার গোজরান * জে সকলে উদর ভরিয়া খায় ভাত সেহি বান্দা রাত্র দিন থাকে মেয়াসাত * রোজা ও নামাজ যদি করে

তো আল্লার। তবে তার সঙ্গে থাকি করিয়া পিয়ার * উদর ভরিয়া খাইলে আলস্য হয় তারে। সে সকলে না পারে নামাজ পড়িবারে সে সকলে বুরাকম্ম করে লিয়া খায়। ভওাবা কৈলে তারকাছে জাওা হয় দায় * বহুত খাইলে বড় আমি সে তাহার। সে সকলে জানেবে আমার দোস্তদার * সে সকলে টাকা দিরা শুদ লিয়া খায়। লাভে মূলে জে সকলে টাকা দিয়া জায় * এদোন আমরজান পরানের দো সর। একারনে পড়িলেক দোজখ ভিতর * পরনারীর সহ জেবা ক রিবে পরদার। সে জন আলেম বড় মদির আমার * পর দারী পর কম্ম পর ধন হরে। আদর মহবত বহু তাহার উপরে * বুরাই করিতে আমি কহি জে সবাকে। রাখে জে আমার কথা খুসি আমি তাকে কেহ জদি কোন চিজ লিয়া বাওহাতে। খাইতে ভুলিয়া দেয় আপ ন মুখেতে * আমার মনেতে বড হয়তাকে খুসি * বহুত খোসাল হই মনে মনে হাসি * কেহু জদি নাঙ্গা হৈয়া দেখাইয়া আনে। আপ নার সরম গিয়া দেখি প্রতিদিনে * সে সকল মেরা বড হয়দেকাস্তদার আপনা বুরাই করে ভাল হয় আমার * পশ্চিমে তরফে জেই পেসা ব করিবে। সে সকল লোক মেরা সেবক হইবে * খাডা হৈয়া একহা তে খায় জেবা পানি। বে ওজর তাহাকে আমি দোস্তবলে আনি * হাতে পাএর আঙ্গুল নটকার যেবা কেহ। আমার তজবিজ পাল ক হইবেক সেহ * ফজরে নামাজেয় ওক্তে নিদ্রাজায় জারা। বডই ফাজেল সেহ দোস্ত হয় মেরা * ছেজদা আমি নাহি করি আমি গো নাগার। নামজে জে নাহি পডে সে দোস্তদার * তুনিয়াতে বড সন্দ কথা কহে জারা। এসকল লোকবোঝে আমারএসারা * আমার এসারা বোঝে আমার দোস্তদার। তোর ওম্মত তার ভেদ বোঝা ভার * পয়গম্বর কহে জত বান্দা সে আল্লার। তুনিয়াতে সে সকল ওম্মত আমার * সয়তান বলেন ছহি এসব বয়ান। তোমার ওম্মতেমান তো মার ফরমান * জে বান্দারা নাহিমানে ফরমান তোমার। সেই সব বান্দা হবে ওম্মত আমার * আল্লার হুকুমে জারা হইবে মোনকের। তার পরে না হইবে তোমার মেহের * ওম্মতের খারিজ বান্দা তো মার নাহি সে। বল দেখি আর তারে আদর করে কে * নাফরমান বান্দার পর তুমি নাহি খুসি। সেই সব বান্দা লোক আমি ভালবাসি তুমি সবার আমি লিয়া রাখি তাকে। তাহা শবে শঙ্গে লিয়া জা

ইব দোজখে * তোমার হুকুম জান নাহি মানে জে। দেখহ ভাবিয়া
আমার ওম্মত হবে সে * তেরা ওম্মত লিয়া তুমি ভেস্তেব ছারদার
মেরা ওম্মত লিয়া আমি দোজখ মোক্তার * তুমি বেহেস্তে বাদসা
আমি দোজখের। তোমার ওম্মত হৈতে মেরা ওম্মত টের * হজরত
কহেন তুমি সোন সমাচার। বল দেখি আকরকারা তোমার দোস্তদার
সে সকলে মৌতা হৈলে আপনার ঘরে। তাহাকে ঘিরিয়া সবে কা
ন্দে উর্চ্চেস্বরে * আমার সাক্ষাতে এছা মেরা গীতগায়। সে কান্দন
শুনিয়ামোর জানখুসহিয় *তাহাব কান্দন জান শুন যেইসবে। সেই
জান গোর রসাতলে জাবে * আরবার পুছিলেন তাহাকে হজরত
কি নাম করিলে তুই আমার ওম্মত * কহিলেন জেই বান্দা না
মাজ গোজারে। প্রতি চাদ তিব রোজা সেহ জন করে * সে স-
কল লোকে দেখে বড় দুক্ষু পাই। প্রেরেসান হৈয়া তারে দেখিয়া
পালাই * ইবলিছে পোছেন নবি আপে আরবার। কোনবাতে ভাল
হয় ওম্মত আমার * ইবলিছ কহেন নবি সোন সমাচার। আ
পনা ওম্মত তুমি কর হুসিয়ার * উদর ভরিয়া জেজন নাকরে ভোজন
নাকরে নারির সঙ্গে বহুত মিলন* বহুত পিয়াছে জলদি পানি নাহি
খাবে। হুসিয়ার হইয়া পানি দেরিতে খাইবে * বড় গোস্বা হই আ
খে না দিবে আমারে। প্রতিমাসে তিনদিন রোজা রাখিবারে *
টোল গিত না শুনিবে নাকরিবে গিয়া। সোকর করিবে তবে নেয়া
মত খাইয়া * নারীগনে গীতগায় পুরুষে শুনায়। আল্লাকে ভুলিয়া
সবে খোসালিত হয় * সে সব মনুস্য জান গিধড় সমান। সে সবে
দোজখে জারে জান সভাজন * সে সব আল্লার তরে আল্লার গিত
গায় তাহার উত্তরে পাপির নাহি কোনদায় * আপনা হইতে পরে
বুঝে জেহি ভাল। হেথা সেথা তবে তার ভাল শর্ব্বকাল * জে করে
এমন কাম নেকিহয় তার। মনেতে বুঝিয়া ভাই কর জে জাহার *
আরবার পয়গম্বর পোছেন তাহারে। বান্দাসবে কি কাম উচিত করি
বারে কি কামেতে তেরা হাতে বান্দা রক্ষাপায়। তোনার জন্ত্রনা লো
কে কি মতে এড়ায় * বলিব সত্তর কাম জে করিতে পারে। সেই পরে
আমাকে ওফাত রাখিবারে * পহেলাতে পাকছাফ থাকে সে সকল
না পাক হইয়া করে ওজুত গোছল * সেহি বান্দাপরে থাকে মে

হের আল্লার। তার পরে নাহি থাকে আমল আমার * তৃএমে জে
লোম সব নামাজ গোজরে। আর কারে নাহি জানেসওায় আল্লারে
ছিএমে জে সবে পরের উপকার। তাহার উপরে থাকে মেহের
আল্লার * আপন কাম ছাড়িকরে পরের ভালাই। আখেরে হইবে
তার বেহেস্তেতে ঠাই * জেথা সেথা ফতেপাবে তার জত কাম। দু
নিয়াতে লোকে করে তাহার খোসনাম * চাহারমে জে সবে হারা
মি নাহি করে। আল্লার মেহের বড় তাহার উপরে * পঞ্চমে মকরা
দিগে পাওনা করিবে। শুইতে মক্কার দিগে সমূখে রাখিবে * সেসবে
কোরান পড়েখুব খবরদার। জদি বাত জত সব ছাড়িয়া দুনিয়ার
হাপ্তমে আমাকে এক জানে সর্ব্বজন। নাকরিবেকারসাথে সরিককখন
অষ্টমেতে পড়িবেক দরুদ তোমার। জে পড়ে দরুদ গোনা নাথাকে
তাহার * নবমেতে নামাজ পড়ে জমা এতকরি। তাহার নিকটে আ
মি জাইতে না পারি * দশমে আল্লার বাঞ্ছা আল্লার হুকুমে। জাম
সাল জেইরাখে এলাহির নামে * একদস জেই জন মজলিসে জা
ইয়া। বাত চিত করে সবার খাতির করিয়া * দয়াদসে আপনাকে
ছোট হেনজানে। আল্লার মেহের তাকে সকমেতে সানে * জেলোক
বিসয় বুঝে খায় আর পরে। আপনি বুঝিয়া বৈসে মজলিস ভিত
রে * জেমন রোজগার জার তেমনি করিবে। জেমত দিবার সক্তি
সেই মত দিবে * এক আনা উপরে নাই খরচ আনা তিন। একামে
মুস্কিল হবে হেছাবের দিন * আপনা বিষয় বুঝে করিবে খয়রাতে
বেওজন কারচিজ না করিবে হাতে * এনছান উপরে কোন আপদ
পড়িলে। জানানার নোক জন কিবা বিমার হইলে * সোকর করি
য়া দেলে ছাবুরি করিবে। দুসমন আইলে তারে ইঙ্গিত না করিবে
আল্লা তালা জে লিখেছে তাহার নছিবে। বড় পেরেসান হৈলে না
বিবী মিটীবে * ছবুর করিয়া জেবা রহে দেল খোসে। আল্লা তালা
কে তাহার জেয়াদা রোস সেসে * আল্লা তালা জাহাকে বহুত ধন
দিল। গরিব কাঙ্গালে জদি দান না করিল * স্বামিহাতে না দিয়া জে
জমাকরে ধন। সে সকল ধন আর হরে নিরঞ্জন * মা বাপ করিলো
লাড়কা চাকর নফরে। অন্ন বস্ত্র দিয়া খুসি রাখে জেস বারে * একা
মে বেহেস্তে জাবে তাহার সকল। এসকল পরে মেরা নাহিক দখল
জে সবে আল্লার আগে এহি দোওাচায়। জেন্দেগেতে সোননা ক

রিবে দুনিয়ায় * সে সকলে এড়াইবে আমার দাগাতে। তাহার নি কটে আমি না পারি জাইতে * মাবাপ নাহিক জার এমন লাড়কারে জে বড় দরদ করে দেখিয়া তাহারে * একগুনদিলে তারে দসগুনপায় জত গুনা করে তার সব মিটেজায় * সে লোক আমার পরে করেন বেজার। কওল কবার জেবা রাখেন বজায় * কওল তুলিলে সেই গোলাম আমার। মুখেতে লাগাম দিয়া পৃষ্টে হই ছাওার * জে স কল ভুকালোকে ভাত পানি দিবে। রাহার উপর আল্লা মেহের বান হবে * জে মনুস্য মনুষ্যকে নিন্দা নাহি করে। মনুষ্যর দোস পাইলে ছাপায় তাহারে * সে সব লোকেরসাতে মেরা দয়া নাই আকবতে পাবেতারা বেহেস্তে খানা ঠাই * জেই বান্দা শিশুকে দে খিয়া দয়াকরে। আল্লা তালা দোওাকরে তাহার উপরে * জে স নিসস্থে হামেসা ঘরে রহে। মানুষের সাতে বহুত কথা নাহি কহে সবের আফত নাই জানিহ নেহাত। আমর দখল নাই তাহাদের সাত * আলেম ফাজেল লোকআছে জে দূনিয়ায়। আদব রাখি য়া খেদমত করে জে তাহায় * গোনা মাফ হয় তার আদমে খেদ মতে। আল্লা তারে মেহের করিল আজাবেতে ভেস্তে * জেসব আ লমে হবে বড়ই এছলাম। পরকে তদবির এত দেয় বেটার সমান অধম গরিব কহে হইআ কাতর। রহিলএখানে বাকি এসব খবর *

পয়ার। পয়গম্বর সয়তানেরে পোছেন আরবার। কহ দেখি কোন জনা দূসমন তোমার * ইবলিছ কহেন তুমি শুন পয়গম্বর। একে একে কহি আমি সে সব খবর * জেসবে হারামি ধনে পিছা নাহি ক রে। আল্লা তালা মেহের হয় তাহার উপরে * জে সবে ফকির দেখে নাহয় মনকির। জেয়ছা পারে দেয়ছা দেয় না হয় দেলগির * জে স বে খএরাত দরে হয় তার বস। এক দিন আল্লা তালা তাকে দিবে জস ফকির দেখিয়া জেবা বেজার হইবে। তাহার উপরে গোনা এ লাহি করিরে * আমার দুসমন জারা বরে এই ধারা। খএরাত না করে জেই দোস্ত হয় মেরা * জে সকলে ভালা কর্ম্ম করে সর্ব্বক্ষন। হা মেসা দেলেতে করে আল্লাকে শরন * আল্লার তরফথাকে ডরে নিজ মন। তাহার উপরে আল্লা হয় মেহের বান * জে সব লোকেতে মো র বুঝেসএ রিতি। রহিতে না পারি আমি তাহার সঙ্গতি * জে সব আওরত সাতে করিতে মিলন। নাপাকের ডরে গোছল করে তত-

ক্ষন * ওজুকরি গোছল হয় ফের পজুকরে। সুখ্ন নাহি অঙ্গ ভেজে সর্ব্বওরে * খাড়া খানা গোছল বরে হইয়া হুসিয়ার। দাগা কি করিব তার কাছেজাওাভার * নাভির নিচে নাখ নবিছে ময়লা যদি থাকে গোছলেতে পানি দিয়া ধুইবে তাহাকে * বান্দাকে খেলাল মেছওাক হুসিয়ারে। ধুইবেক হাজরত গোছল নামাজ খাতিরে * এই সব জায়গা যদি গোছলে না ধোবে। তাৰন্ন মওজুদ তার নাপাক রহিবে * নেহ সব লোক মেরা জানিবে আওলাদ। বেওজুরে গোছলজত আমার বুনিয়াদ * ওজু আর গোছলের তরতিব নাহি জার। রোজা ও নামাজ করে সব মিথ্যা তার * সেই সব দোস্ত মেরা আউওল আখেরে। মেরা সঙ্গে রবে তারা দোজখ মাঝারে * যারা সবে দুনিয়াপবে ঝট কহে নাই। সেসব বান্দার হবে ভেস্তখানার ঠাই * আমি তারে লঘিতে না পারি কদাচিত। ফেরেস্তার রাত্র দিন থাকে তা সহিত * যেবান্দা হারাম বুরা দেখিয়া পলায়। দাগাদিতে আমার তাকত নাহি তার * যেই সবে খানা খায় ভুকরাখি পেটে। মেরা সক্তি নাহি যাই তাহার নিকটে * পেটভরে খাইলে তারে ভুলাইতে পারি। রাত্র দিন তার সাথে করি দোস্তদারি * পরিলেক নিসারদায় জেবাকরে ধায়। যেই নাহি লিবে কিছু চোট লাব তার * এয়ছা কবজ জেবা দেয় নেকি হয় তার। বেলো বাজাইবে তারা বেহেস্ত মাঝার * করজ দিয়া জে জনা না করেন আদায়। ইমান বাহার থাকে খুসি সে খোদায় * জারা সবে করজ দিয়া আদায় নাকরে। তার সম কম বক্ত নাহিক দুনিয়াপরে * আখেরে হেসাব কালে মুস্কিলে পড়িবে। করজের কারনে তারা দোজখে জাইবে * আল্লার ডরে জে সরে নাহরে পর নারী। তাহার নিকটে আমি জাইতে নাপারি * অতি কন্মকরে আর জে জন করায়। দোনই দোজখে জাবে জানিবে নিশ্চয়* মানুষ হৈয়া মানুষেরে করে উপহাস। সে সবার নাহি দেখি ভেস্ত জাবার আশ * উপহাশ যেখানে আমার বাজি চলে। ঝকড়া লাগাইয়া দেহ মজলিশে শকলে * যে শবা লোক ভক্তি করে পাড়া পড়শীরে। আল্লার মেহের থাকে তাহায় উপরে * মা বাপ ওস্তাদ পির গুরুযত জনা। খেদ মত করিবে খুব আদর আপনা * ওস্তাদকে নিন্দা কৈল অপমান হবে। যে কিছু পরিয়া থাকে শব ভুলে জাবে * জবর দস্তি করে জেবা গরিবের পরে। না হক জবরানি করে

পানা দবে তারে * তারবেশি দুনিয়াতে আরকাম নাই। নির্ব্বলি দেখিলে তারে রোজ দিবে ভাই * বিমারি দেখিলে তারে দরদ করিয়া। খুসি করি খেলাইবে উদর ভরিয়া * সেসব লোকের নেকি হয়বে সোমার। দূনিয়াতে সেই সব দূসমন আমার * কেহ জদি কোন চিজ মাঙ্গে কার ঠাই। দিবার তাকত আছে তারে দিবে নাই * মিথ্যা কথা কৈয়া খুসিকরে জে তাহারে। মনকিয় হয় থাকিতে জদি চিজ সেহ ঘরে * যেই বান্দা মজলিজ করিয়া খানা খায়। কেতাবেত লিখিয়াছে সফাএত পায় * খানা খাইতে সবে আল্লানাম লবে। অল,প খাইলে খানা আছুদা হইবে * সবার কন্তরবে আর পাপ নাই রবে। করিবারে নেক কাম তারামনে লবে * আল্লানাম লিয়া জেবা খানা পানি খায়। আমাম্মর তাকত নাইজাহতেতথায় * জেসব লোক খানাপানিখায়নাসময়। সময় ওজুদ নাহিকরেগিয়ানাপাকেত খায় আল্লা নাম সেইসমে ভোলে জেই জনে। সেখানে খাইলে পর পাপ হয় মনে * বুরা খাইলে বুরাকমে ফেয়ে সে দুনিয়ায়। হালাল খাইলে সে হালাল কামে জায় * আল্লা নাম না লিয়া জে খায় খানা পানি। সে সব লোকের হয়আককেল সয়ওানি * আল্লা নাম ভূলিএ জারা খায় রুটী ভাত। রাত্র দিন তাতে থাকি একসাত * জেই লোকে কোন খানে সময়ে জাবার। আজি মত করে নাম লইবে আল্লার বেছমেল্লা বলিয়া মুখে বিদেসে যাইতে। আল্লা তালা না দেয় পথ সয়তানের হাতে * এই কথা মনে ভাবি আজমত করে সে। দুনিয়াতে বড় দুস্মন হয় মেবা সে * বিদেশ ভাবি তরাসে আল্লাকে ডাক দিলে। তার পরে মেরা কিছু দাগা নাহি চলে * জেলোকে আপোন বিষ্ঠা নিরক্ষন করে। এহি দোসে তাহার চক্ষের জুত হরে * ফেরেস্তা সকলে তারা মন্দ হেন কয়। গাধার মজলিসে হেন সহি লোক রয় * কোন দিগে নাতাকাবে পায়লানাতে গিয়া। আছমান উপরে নাহি দেখিবে তাকিয়া * নামাজের সময় হৈল বামে না চাহিবে। তবে সে আমার বাজি নেহাত এড়াবে * বাজে কথা বাজে কাম নাহি করে মনে।সদাই রাখিবে মন এলাহির পানে * পেসাব করি জই জন পানিনাহি লিবে। আমার সেবক তারা ওজু ঝুটাইবে* জে সকলে পাকছাফে থাকে সর্ব্বক্ষন। হামেসা আল্লারনান করে মনেজন পরের উপকার করে এহি তার মনে। কখন না কটুকথা কহে কার

শনে * পর চর্চ্চা না করিল মন্দ না কহিল। হিংসা নেসা ঝকড়া আ
দি এক না করিল * আল্লার হুকুম কেহ না রহে ভুলিয়া। একে২
কহিলাম বয়ান করিয়া * এহি মতে আস্তেহাল আছেত্ত জাহার। আ
মার তাকত নাই কাছে জাইতে তার * যে সকলে এই মত ধর্ম্ম কর্ম্ম
করে। সেখানে জাইতে নারি এই সব ডরে * ইবলিছ বলিল ফের
শুন পয়গম্বর। সত্তর হাজার আছে আমার লস্কর * এক২ জোনার
কাছে সত্তর হাজার হাজার। লস্কর আছে এইসব কর্ম্মকরিবার *
সে সব লস্করের লস্করে আছে কত। আল্লা তালা জারে তার হেছাব
হয় যত * আমার লস্করের আমি নাহি যানি ওর। কত লোক আছে
মেরা দুনিয়া উপর * আদম আওলাদ জত দুসমন আমার। সত্য
করি লিয়াজাব দোজখ মাঝার * এহিত মনের কথা জাহের করিল
বুরাকামে বুরাকথা হামেসা রহিল * আওরত মরদে দোহে এয়ছা
দাগা দিব। প্রেম লাগাইয়া তাদের জেনা করাইব * এই মতে তো
মার ওম্মত জত করে। গোনাগার করিয়া লিব দোজখ ভিতরে * পয়
গম্বর বলেন কিবা সাধ্য আছে তোর। ভুলাইয়া দোযখেলিতে ওম্মতে
র মোর * কদাচিত ওম্মত মেরা গোনা কাম করে। মনে২ ডরাইবে
আল্লা তালার ডরে * লইয়ে আল্লার নাম তওবা জে করিবে। এই
রূপে গোনাতার সব দুরে জাবে * ইবলিছ কহেন বাত শুন পয়গ
ম্বর। আমি বেশি জাকি সব সন্ধান বহুতর * জেইগোনা তওবা কৈ
লে কিছু নাহি জায়। সে গোনা লোকের আমি করার দুনিয়ায় *
ধর্ম্ম ভঙ্গ করিলে হইবে গোনাগার। তবে মিথ্যা হবে জত রোজা না
মাজ তার * পুছিলেন পয়গম্বর কি কাম করিলে। নেকি নষ্ট হইবে
ক কি মতে সকলে * ইবলিছ বলেন সেই তোমার ওম্মত। চারিজন
নিন্দা কৈলে ঘটিবে আফত * সেই চারিজনা লোক শুন চমাচার।
একে২ কহি আমি বয়ান তাহার * সেই কাম সেখাইলে ওম্মত তো
মার। তবে সে পারিব বুঝি ভঙ্গ করিবার * আবুবকরওছমান সাহা
আলি। দিনের রছুল আপে জানেন সকলি * এইচার সাহা বির
নিন্দিবার তরে। দাগাদিয়া ভূলাইয়া শিখাব লোকেরে * এই চারি
সাহা বির নিন্দে জেই জন। নিশ্চয় জানিবে তার দোজখে গমন *
আলেম ফাজেল নিন্দা করেজেই মতে। সেই সব শিখাইব আমি দুনি
য়াতে * এসবে করিলে নিন্দা ভঙ্গ হবে তার। তবে সাথে২ যাবে দো

জখ মাঝার * হজরত কহেন আবুব কর ওছমান। ওন্মর খাওাবে আলি এচারি প্রধান * এহি চার জনে নিন্দা যে কেহু করিবে। সহ জে সে সব লোক দোজখে জাইবে * ইবলিছ পোছেন ফের শুন পয় গম্বর। কহ কত দিন টৈকলে বন্দেগি আল্লার * ইবলিছ কহেন আমি দুনিয়া উপর। বন্দেগি করিনু আমি হাজার বচ্ছর * ভবেত্ত অছি মাহের উপরেতে ফেনু। হাজার বচ্ছর সেথা বন্দেগি করিনু * তবে আপন বড়াই করিনু জদি অতি। গোনাগার হৈনু যদি দোজখে বস তি * পয়গম্বর আবার পুছিলেন তায়। কহ দেখি বড় দোস্ত দুনি য়ায় * রাত্র দিন কার সাতে বড় মহর্ব্বত। কে তেরা বেত্তিত বাড়া কহ হকিকত * ইবলিছ কহেন জার আছে কড়ি ধন। মালের জাকাত নাহি দেয় জেই জন * রোজ২ কত ধন আছে আহা লিখে। ফকির দেখিয়া জেই বেজার হৈয়া থাকে * সে আমার বড় সখা পরানের পরান। তাতে মোতে জুদা নহে একই সমান * মালের জাকাত দেয় করেন খএরাত। সে হেন দুসমন মেরা জানিহ নেহাত * সাই বেজার থাকি দেখে ছাখায়তি। সেথা হৈতে ভাগি আমি পাইয়া লানতি * আমার দুসমন বড় আলেম সকল। দেখিলে তা সবে আমি জাই রসাতল * দিনের কেতাব যেই আলমেতে সেখে। কোন সমে দাগা দিতে না পারি তাহাকে * জে সকলে জিনি ছাড়ি এলেম দুনিয়ার। থোড়া কিছু পড়িয়া আর করে রোজগার * বেসারা চলেন সবে দিনকে ছাড়িয়া। দুনিয়া আলম করে মন্তর পড়িয়া * সে সব আলেম মেরা গোলামের গোলাম। রাত্র দিন জারি করি মে রা জত কাম * জে আওরতে নাহি দেখে পর পুরুষেরে। আকছের ভাগি আমি তাহাদের ডরে * সেই নারী হয় মেরা দুসনন সমান। জাইতে না পারি আমি তাহার মোকাম * যে নারী ওজুদ করে স ওামির বাত। বেহায়া আওরত সেই বড়ই বদজাত * দেল বিচে গোস্বা রাখে স্বামির উপর। নাপারিয়া গোস্বাভরে কান্দে বহুতর * খুনাখুনি ছেরের বাল ছিড়িয়া যে ফেলে। সে সব আওরত বদ যাবে রসাতলে * যে সব লোকেতে করে ফজাত বেদাত। সেই সব লোক মেরা দোস্তজে নেহাত * যে জালেম ঝকড়া করে রাখেত কর্ব্বরি। সে সব আওলাদ মেরা দুনিয়া ভিতরি * আপনাকে ভাল যেই জা নে অন্য হৈতে। সেই সব লোক মেরা রহে হুজুরেতে * সারাবতী

আলেম কিবা মূছল্লির তরে। দেখিয়া হাসিয়া যেই অহঙ্কার করে * তাহারা আমার ভাই অতি বন্ধুগণ। তাতে মোতে এক গতি নরকে গমন * জেইজনে পরধন পরনারী হরে। গরিবের পরে জোর জেই জন করে * এই সব এয়ার বড় জানিবে আমার। বর ঘড়ি থাকি আমি নিকটে তাহার * ভালা মানুষেরে বুরা বলে জেইজন। দুনিয়াতে দোস্ত মেরা পরাণ জেমন * যে সকলে হাকিমদিগে কুকথা শুনায়। সেই বড় বন্ধু আমার দুনিয়ায় * পরের উপগার কৈলে নেকি বড় হয়। আল্লার মেহের তাকে রাত্র দিন রয় * জেইজনে রুজু হয় পাপ করিবার। সেহ সব লোক মেরা বড়া দোস্তদার * কহত হামেসা তুমি থাকহ কোথায়। আরবার পয়গম্বর পোছেন তাহায় * ইবলিছ কহেন আমার শিতল মন্দির। জেজন বড়াই করে তাহার শরীর * জেজন বাখল বড় দুনিয়া উপরে। ছয় ঘড়ি থাকি আমি তাহার শরীরে * আরবার পয়গম্বর তাহারে জিজ্ঞাসে। কোন কাম কর তুমি আপনার খোসে * বলিল ইবলিছ আমি এক কামে খোস। মিথ্যা জত বলে লোকে তাতে বড় বস * কেহ কার ধন জন দেখি হিংশা করে। পরধন পর নারী যেরূপেতে হরে * এরূপেতে হুকুম রদ করে লোক জন। যেরুপে না মানে নারী পতির বচন * এইরূপে কতো লোগ করে কারবার। এই সব লোগ মেরা দুনিয়া মাঝার * ছোট হেন আমাকে তুমি মনে না করিও। দুনিয়ার পাপের বাদসা আমাকে জানিও * মিথ্যার শরীর মোর মিথ্যার ব্যবসা। খারা মিষ্ট লোকের পাপ করাইতে আশা * আল্লার হুকুম আছে তবে কি আমারে। একারণে সত্য করি তোমার হুজুরে * নহে সত্য করিবার কি কাম আমার। সত্য কৈলে না পারি দোজখ ভরিবার * আরবার পয়গম্বর কহেন তাহারে। সত্য কহ জাহা কহি আমার হুজুরে * কিজন্নেতে পাপে মন খুসি হয় তেরা। রাস্তবাত কহতুমি হুজুরেতে মেরা * ইবলিছ কহেন আমি আদম খাতিরে। হিংশা করি বান্দা গিছি আল্লার হুজুরে * কোনমতে সত্য কথা নাকহে সংসারে। রাত্র দিন এহি কাম করাছ লোকেরে * পরনারী পর পুরুষ হারামি করাই। পুরুষেরে দুতী কাম করিতে সেখাই * কোন আওরতেরে আমি করিয়া সম্ভাস। পুরুষেরে দেখাইয়া বাড়াই পেয়াস * দুইজনে চার চক্ষে চাহিলে একবার। তখনি আসক বাড়ে ছবি দেখে তার *মনে

করে এই রাত্রি জদি জামি পাই। সুখেতে ছহবত কবি রজান গো। হাই * তবে আমি সেই মমে মিষ্ট মধু আনি। দুজনেয় মুখে দিয়া খাওয়াই তখনি * ক্রমে২ সেই মধু খাইয়া দুজনে। তখনি হারামি করে খুসি হৈয়া মনে * ফুকারিয়া মনুষ্যেরে বলি সেইক্ষন। পাপেতে ডুবা তাতে দেখে সর্ব্বজন * নেককাম করিতে গেলে ওস্তাত তোমার। ভোলেজাতে তাই করি না দেই করিবার * জখন মনেতে করে নেকি করিবার। সত্তর হাজার লস্কর আছেত আমার * সবাকে হুকুম দেয় তাকে ঘেরে গিয়া। সাহার মনের আশা আইসে ভুলিয়া * সেই নেকি কাম আমি নাদেহ করিবার। তখন ভুলিয়া জায় ওস্তাত তোমার * নামাজ পড়িতে আসাকরে জেই জন। ওজুর সময় পোছে মোর গুনাগুন * তরবির মতাওজু নাহি দেই করিবারে। জে রূপে আল্লায় নাম না লইতে পারে। এক দিগে ওজকরে কথা কহে আর দেল বিচে আইসে জত কথা দুনিয়ার * এই রুপে ওজু করে নাহি তার ধ্যান। রোজা ও নামাজ হয় বহুত নোক ছান * এমন নামাজ লোক পুরা নাহি পায়। পুস্তিত বলিয়া তাহা প্রকাশ করায় * পয়গম্বর আরবার পোছেন তারঠাই। কোন কামে দুর হয় তোমার বড়াই * ইবলিছ কহে জদি কেহ সাতে কাফেরের। জান দিয়া পড়ে গিয়া ছমাস খাতেরে * কেসবে লড়াই করে না হয় বৈমুখ। তাহারে দেখিলে বড় মনে হয় দুখ * গাজিকে দেখিলে আমি তফাতে পলাই। তাকত নাহিক আমি তার কাছে যাই * পয়গম্বর বলে মোরে কহ সত্য কথা। কাহাকে দেখিলে হয় তোর চক্ষে ব্যথা * ইবলিছ বলেন জেই মা বাপের বচন। রাত্র দিন খুঁসরাখে করেন পালন * এই সব লোক আনি নজরে দেখিলে। কানা হৈয়া থাকে আমি পেরেসান দেলে * জে কেহ লোকেরে কহে এছলামের কথা। তাহারে দেখিলে আমার মনে পাই ব্যথা * জে সকলে না সরিক জানেন আল্লারে। আমার দখল নাই তাহার উপরে * আরবার পয়গম্বর পোছেন তাহারে। বড়ই দুসমন করি ভাবহ কাহারে * বলিল যে হাকিমে মুল্লুক আপনার। রাত্র দিন ভাল মন্দ করেন বিচার * ভাল লোগের ভাল করে রাখহ খুসিত। বুরাকামে সাজাদিতে হয়তো বিহীত * ভালার ভালাই করে দুস্টের সাজাই। নাকহ হইতে নারে হকেতে স

দাই * এইরুপে মুল্লুকের করেন পালন। সেই সব লোগ মেরা বড়
ই দসমন*এনছাপ করিলে হয় নেকি হয় বেসোমার। আল্লার আরস
নিচে জায়গা হয় তার * এইমতে হামিক লোকে আমারে সত্তর।
এসব হাকিম হৈতে আমি থাকি দুর * পয়গম্বর কহে সেই দুসমন
আমার। দোস্ত তারে নাহি জানে আপে পরওার * বল দেখি ইব
লিছ আমাকে আরবার। মেরা চার ইহার সাতে কি ভাব তোমার *
ইবলিছ বলেন ছাহেব বলি যে হুজুরে। বড় ভয় পাই আমি দেখতা
সবারে * আছহাম হোকের আমি দেখিলে তোমার। জানের ভর
যা কিছু নাথাকে আমার * এচারি আচহাবেরর নামমনে করে যেই
দুনিয়াতে আমার দুসমন বড় সেই* কুড়ি ভাগ হবে জত্ত ওম্মত তো
মার। এর মধ্যে এক ভাগ বরেড়া ওস্তওার * এহি ভোগ তারা হ
ইবে মোহিন। এলাহির ধন্দেগিতে রহে রাত্রদিন * দুনিয়াতে মাল
মাত্তা কিছু না চাহিবে। হামেসা আল্লার নাম দেলেতে রাখিবে *
দুনিওাকে জাবেন আখেরের সত্তর। কাম ক্রোধ লোভ মায়া শব
করে দুর * মিত্র ভুল্য রাত্র দিন থাকে আপনার। পানা চাহে আল্লা
র কাছে দুনিয়ার সবার * আপনার কাছে আর জত বেগানার। রা
ত্র দিন ভাল আছে হুজুরে আল্লার * এশবের ফলে তবে আছমান
হইতে। আল্লা তালা হুকুম দেয় পানি বরজিতে* আল্লা তালার হকু
মেতে বরসিলে পানি। শুকাগাছ ডাল পাতা চাড়েন তখনি * তার
সেসে ফুল ফল হয় সেই ডালে। তাহা খেয়ে বাচে বান্দা দুনিয়া স
কলে * সে নেকির ফলে দুনিয়া কাএম রহিছে। পানির উপরে দুনি
য়া দলপান ভাসে * এক রুপে ফক ভাত ওম্মত তোমার। বেসরা
বেহেস্ত জাবে হুকুমে আল্লার * আর জে উনিশ ভাগ মেরা তাবে
দার। আমার কথায় চলে দুনিয়া মাঝার*একবারপাপ করে তওবা
করিয়া। দশবার সেহি গোনা করে করে গিয়া * আরবার পয়গম্বর
পুছিল তখন। আল্লার দোস্ত খানা খায় আছে কতজন * ইবলিছ
কহেন জেই থোড়া খানা খায়। রাত্র দিন নামলেয় মনেতে সদায় *
সেই সব লোকজন দোস্ত জে আল্লার। এই সব দুনিয়াতে দ্বসমন আ
মার * জে সবে আল্লাকে ডাকে ক্ষুধায় তাপিত। জাহাপায় তাহা
খায় রহে খোসালিত * সে সব পরম সখা জানহ আল্লার। এইসব
লোগে আমি দেখিয়া বেজার * সঙ্কট আসিয়া পড়েজাব পরে জবে

রোগ সোগ হয় কিবা কার কিস্তি ডুবে * এলাহি ভাবিয়া দেলে ছুবুরি করিবে। পেয়ারা হইবে তারা মজুরি পাইবে * কদাচিত কাতর না হইবে কোনজনা॥ মিথ্যা কথা কারসনে কৈলে হবে গোনা *সত্য কথা সবাকার হুজুরে কহিবে। কান্দিবে আল্লার ভাবে গোনার সভাবে * ভাল মানুসের দেখে হবে মেহেরবান। নষ্টলোকে দেখি বেন তুসমন সমান* অখিন ফকির কহে ভাবিয়া খোদায়। তার পরে কহি কিছু শুনহে সবায় *

ত্রিপদি * আরবার পয়গম্বরে পুছিলেন ইবলিছেরে, কহ মন্দকহি সমাচার। আদম ছফির বংশ, তাহাকে করিলে অংশ, বল২ বেশী কমি কার * আদমের বংশতারে, অংশকর কি প্রকারে, আর তোমায় রাজি হয় কিসে। এইসব বেওরাকথা, কহিবে আমার হেথা আর কথা জিজ্ঞাসিব শেসে * হজরতের বাত শুনে, ইবলিছ কাতর মনে, ছেড়ে দিয়া লর্জ্জ আর ভয়। আপনা মরদমি যত সেহিসব হকীকত তামাম বয়ান করি কয় * শুন দিন পয়গম্বর যতেকময়দমি মোর দিয়াছেন পরওার দেগাব। এককথা নাফর মানি ফরমানি করে সয়তানি সেপাপে আমার অদিকার * ভেস্তে হৈতেআল্লা মোরে নেকালে দুনিয়াপরে, ভেহেস্তে মোর নাই নছিবেতে।বেহেস্ত হৈতে আদমেরে, আনিয়া দুনিয়াপরে, আদমের পয়দা হইতে আদমে পয়দা কৈলে, তারসাতে আড়ি হৈল, তাকে দেখে হইনু বেজার। আল্লা তালা মোরে, ছালাম করিতে তারে, কহিলেন না করিনু আর * আল্লার হুকুম রদ কেনু, সয়তান হইয়া গেনু, আদম হৈতে পাইনু আজাব। একারনে মূদ্দুই হৈয়া, ভেস্তে হৈতে আনাইয়া দুনিয়াতে করিনু খারাব * সেহি হৈতে নেকি বদিঃ দুই রাহা আল্লা হাদি, পয়দা করি দিয়াছেন সাই। আদম নেকেরে বাদসা, মোর এই বুরাদশা, আমি, পাইনু পাপের বাদসাই * আদম পুত্রারিলেরে পহেলা দুনিয়া পরে, এয়ছাই করিনু গোনাগার। হজরতের আওলাদ হৈতে, খারেজ করি দুনিয়াতে, আনাইনু আওলাদে আমার * আদম আওলাদের তরে, আনিয়া কাফের করে, রাখিয়াছি তাবে আপনার। আল্লার হুকুম ভুলে, মা বাপে তফাতে ফেলে, করে তারা বন্দেগি আমার * হাবিল আওলাদ জারা, দুনিয়াতে আছে তারা,

